



# ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA- 700019

CLASS - I

TERM - SECOND

SUBJECT- BENGALI WORKSHEET - 13

DATE - 11.09.2020

## Topic – বোধপরীক্ষণ

### নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

একটি হরিণ নদীতে জল খাওয়ার পর নদীর জলে সে নিজের ছায়া দেখতে পেল। বিরাট আঁকাবাঁকা শিং এর ছায়া দেখে তার মনটা গর্বে ভরে উঠলো। হঠাৎ তার চোখ পড়লো তার নিজের সরু সরু পায়ে দিকে। সে খুব লজ্জা পেল। এমন সময় একটি সিংহ তাকে তাড়া করলো। সিংহের তাড়া খেয়ে হরিণ খুব জোরে দৌড়াতে লাগলো। হঠাৎ একটি ঝোপের মধ্যে হরিণের শিং আটকে গেল আর সিংহটি তাকে ধরে ফেললো। তখন হরিণটি বুঝতে পারল যে পাগুলো দেখে সে লজ্জা পেয়েছিলো, সেগুলো ছিল তার বিপদের সহায়। যে শিং ছিল তার গর্বের সেটিই হল তার মৃত্যুর কারন।

১) উপরের অংশটি থেকে নিয়ে ও - কার দিয়ে দুটি বানান লেখো।

উঃ \_\_\_\_\_।

২) উপরের অংশটি থেকে নিয়ে অ - কার দিয়ে দুটি বানান লেখো।

উঃ \_\_\_\_\_।

৩) উপরের অংশটি থেকে কথা নিয়ে খালি ঘরে লেখো।

ক) যে \_\_\_\_\_ ছিল তার গর্বের সেটিই হল তার মৃত্যুর কারন।

খ) হঠাৎ তার চোখ পড়লো তার নিজের সরু সরু \_\_\_\_\_ দিকে।

৪) বাক্য রচনা করো।

ক) দৌড় - \_\_\_\_\_।

খ) বিরাট - \_\_\_\_\_।

৫) উত্তর লেখো।

ক) হরিণটি কোথায় এবং কখন নিজের ছায়া দেখতে পেয়েছিল?

উঃ \_\_\_\_\_।

খ) হরিণের শিং কোথায় আটকে গিয়েছিল?

উঃ \_\_\_\_\_।